খ সেট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

বিষয় কোড: ১১০

শ্রেণি: দশম প্রাক-নির্বাচনি পরীক্ষা - ২০১৮

বিষয়: ভূগোল ও পরিবেশ (বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট পূর্ণমান: ৩০

[বি:দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।প্রশ্নপত্রে কোন প্রকার দাগ দেওয়া যাবে না।]

১। মানচিত্রে কোন পদ্ধতিতে স্কেল নির্দেশ করা হয়?
i. বর্ণনার সাহায্যে
ii. রেখাচিত্রের সাহায্যে
iii. প্রতিভূ অনুপাতের সাহায্যে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

২। প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য সময়ের ব্যবধান কত?
ক. ৩ মিনিট খ. ৪ মিনিট
গ. ৫ মিনিট ঘ. ৬ মিনিট

৩। সমুদ্রের পানির গভীরতা মাপক যন্ত্রের নাম কি?
ক. ফ্যাদোমিটার খ. ব্যারোমিটার
গ. থার্মোমিটার ঘ. হাইগ্রোমিটার

নিচের চিত্রানুসারে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও



৪। চিত্রে কোন মানচিত্র প্রদর্শিত হয়েছে?
ক. মৌজা খ. ভূ-সংস্থানিক
গ. ভূচিত্রাবলী ঘ. দেয়াল

৫। মানচিত্রে প্রদর্শিত নম্বর কাজে লাগে-
i. মালিকানা নির্দেশে
ii. সীমানা নির্ধারণে
iii. ভূমি প্রদর্শনে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৬। জনাব রফিক সাহেব সমুদ্র বিজ্ঞান বিষয়ে গবেষণা করেন। তিনি সমুদ্রের একটি বিশেষ অংশে মৃত প্রাণীর দেহাবশেষ, পলি প্রভৃতি অবক্ষেপণ দেখতে পান। রফিক সাহেব সমুদ্রের কোন অংশে অবক্ষেপণ দেখতে পান?
ক. মহীসোপান খ. মহীঢাল
গ. গভীর সমুদ্রের সমভূমি ঘ. গভীর সমুদ্র খাত

৭। সমুদ্র স্রোতের প্রধান কারণ কোনটি?
ক. নিয়ত বায়ুপ্রবাহ খ. ভূখন্ডের অবস্থান
গ. পৃথিবীর আহ্নিক গতি ঘ. সমুদ্রের গভীরতার তারতম্য

৮। বাংলাদেশে বঙ্গোপসাগরের তটরেখার দৈর্ঘ্য কত?
ক. ৪,৭১১ কি.মি. খ. ৩,৭১৫ কি.মি.
গ. ৭১৬ কি.মি. ঘ. ২৮০ কি.মি.

৯। পদ্মা ও যমুনা নদী কোথায় একসাথে মিলিত হয়েছে?
ক. দৌলতদিয়ায় খ. চাঁদপুরে
গ. ভৈরব বাজারে ঘ. দেওয়ান গঞ্জে

নিচের ছক অনুসারে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও

নদী	উৎপত্তিস্থল	উপনদী
P	হিমালয় পর্বত	পাগলা
Q	ব্রহ্মপুত্র	আত্রাই
R	বরাক নদী	বাউলাই

১০। সারণীর R কোন নদী নির্দেশ করছে?
ক. পদ্মা খ. যমুনা
গ. মেঘনা ঘ. কর্ণফুলী

১১। P ও Q নদীর মধ্যে কি কি বৈসাদৃশ্য রয়েছে?
i. উভয় নদী দক্ষিণ-পূর্ব দিকে প্রবাহিত হয়েছে
ii. বিধৌত অঞ্চলের আয়তন বেশি
iii. অন্য নদীতে পতিত হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১২। মিটার গেজ রেলপথ দেখা যায়-
i. ঢাকা
ii. খুলনা
iii. চট্টগ্রাম
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৩। সমীর একজন মৎস্যজীবী। তিনি বরিশাল জেলায় বাস করেন। ঢাকায় মাছ পাঠানোর জন্য নৌপথ ব্যবহার না করে তিনি ভিন্ন পথ ব্যবহার করেন। সমীর কোন পথ ব্যবহার করেন?
ক. সড়ক পথ খ. রেলপথ
গ. আকাশ পথ ঘ. সমুদ্রপথ

১৪। বাংলাদেশের রপ্তানীর প্রধান শিল্পজাত পণ্য কোনটি?
ক. চামড়াজাত পণ্য খ. তৈরী পোশাক
গ. প্লাস্টিক সামগ্রী ঘ. রাসায়নিক দ্রব্য

১৫। বাংলাদেশের লঞ্চ ঘাটের সংখ্যা কত?
ক. ৩৭৩ টি খ. ৩৭৬ টি
গ. ৩৭৮ টি ঘ. ৩৭৯ টি

১৬। বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?
ক. মার্চ খ. এপ্রিল
গ. মে ঘ. জুন

১৭। বাংলাদেশে পরিবহন ও যাতায়াতের সুলভ পথ কোনটি?

ক. সড়ক পথ খ. রেলপথ

গ. নৌপথ ঘ. সমুদ্র পথ

১৮। বৈশ্বিক উষ্ণায়নের ফলে বাংলাদেশের কোন কোন জেলা সমুদ্রে জলমগ্ন হবে?

ক. সাতক্ষীরা-যশোর খ. নড়াইল-মাগুরা

গ. নোয়াখালী-রংপুর ঘ. বরিশাল-নোয়াখালী

১৯। বাংলাদেশে মারাত্মক ঝুঁকিপূর্ণ ভূমিকম্প প্রবণ অঞ্চল কোনটি?

ক. দক্ষিণ-পশ্চিমাঞ্চল খ. দক্ষিণ-পূর্বাঞ্চল

গ. উত্তর-পূর্বাঞ্চল ঘ. উত্তর- পশ্চিমাঞ্চল

২০। কচুরিপানা ও পুকুরপাড়ের গাছ ধ্বংস করলে কোন মাছের খাদ্য সংকট হয়?

ক. রুই মাছ খ. কাতলা মাছ

গ. ছোট মাছ ঘ. গলদা চিংড়ি

২১। বাংলাদেশের সমুদ্র সৈকতগুলোতে প্রতিবছর দর্শনার্থীর সংখ্যা বাড়ছে। এটি কোন জাতীয় উন্নয়ন?

ক. যোগাযোগ খ. শিল্প

গ. অবকাঠামো ঘ. পরিবেশ

২২। মাটির অণুজীব হ্রাস পাওয়ার কারণ কি?

ক. অধিক সার প্রয়োগ খ. অধিক ফসল চাষ

গ. বন উজাড় ঘ. কীটনাশক ব্যবহার

২৩। ল্যাব্রাডার স্রোত কিরুপে প্রবাহিত হয়?

ক. অন্ত:প্রবাহ খ. বহি:প্রবাহ

গ. পৃষ্ঠ:প্রবাহ ঘ. ঘূর্ণি প্রবাহ

২৪। বাংলাদেশের জলবায়ুকে ক্রান্তীয়, মৌসুমী, সমভাবাপন্ন জলবায়ু বলার কারণ-

i. কর্কটক্রান্তি রেখার অবস্থান

ii. জলবায়ুতে মৌসুমী বায়ুর প্রভাব বেশি

iii. শীত-গ্রীষ্মের তারতম্য কম

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৫। বাংলাদেশের আন্তর্জাতিক নদী কয়টি?

ক. ৭৫ টি খ. ৬৮ টি

গ. ৬৩ টি ঘ. ৫৭ টি

২৬। দুর্যোগ প্রতি বছর ক্ষতি সাধন করে-

i. জীবনের ii. সম্পদের iii. পরিবেশের

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৭। পানির হ্রাস-বৃদ্ধির গতি ধীর থাকে কোন ধরণের বন্যায়?

ক. মৌসুমী বন্যায় খ. আকস্মিক বন্যায়

গ. জোয়ার জনিত বন্যায় ঘ. অমাবস্যা-পূর্ণিমা জনিত বন্যায়

২৮। বাংলাদেশের দুর্যোগের অন্যতম কারণ কি?

ক. প্রাকৃতিক খ. অর্থনৈতিক

গ. ভৌগোলিক অবস্থান ঘ. গঠনগত অবস্থা

উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

সম্প্রতি শ্যামনগর উপজেলায় ঘটে যাওয়া ঘুর্ণিঝড়ে জান ও মালের ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। জব্বার ও তার বন্ধুরা দুর্গতদের মাঝে খাবার ও পানি বিতরণ করে।

২৯। জব্বার ও তার বন্ধুদের করণীয় কাজকে কি বলা যায়?

ক. প্রতিরোধ খ. প্রতিকার

গ. সাড়াদান ঘ. পুনরুদ্ধার

৩০। উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগের ক্ষতি হ্রাস করার উপায়-

i. আশ্রয় কেন্দ্র নির্মাণ

ii. গণ সচেতনতা বৃদ্ধি

iii. দুর্যোগ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

৯। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

দৃশ্যকল্প-১: সারদা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির মানবিক শাখার শিক্ষার্থীরা ভৈরব নদীর পাড় পর্যবেক্ষণ করতে গিয়ে নদীর পানির রং দেখে বিস্মিত হলো।

দৃশ্যকল্প-২: সুদীপ্ত ঢাকায় পৌঁছানোর সাথে সাথে চোখে জ্বালা অনুভব করল। ঢাকায় কয়েকদিন অবস্থান করার পর তার শ্বাসকষ্ট বেড়ে গেল।

দৃশ্যকল্প-৩: রহিম মিয়ার পুকুরের পাশের জমিতে গত পাঁচ বছর যাবত তরিতরকারি চাষ করছে। কিন্তু এখন আর আগের মতো ভাল ফসল ফলাতে পারেন না।

ক. পরিবেশ কাকে বলে? ১

খ. টেকসই উন্নয়ন বলতে কি বুঝ? ২

গ. দৃশ্যকল্প-১ এর পরিবেশ কিভাবে দুষিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ ও ৩ এর মধ্যে কোনটির দূষণ প্রক্রিয়া সরাসরি খাদ্যের উপর প্রভাব বিস্তার করে? যুক্তিসহ মতামত দাও। ৪

১০। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

দৃশ্যকল্প-১: বাংলাদেশে 'x' নামক দুর্যোগটি এমন একটি দুর্যোগ যা মুহূর্তের মধ্যে সব কিছু ধ্বংস করে দেয়।এটি বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে সংঘটিত হয়।

দৃশ্যকল্প-২: বাংলাদেশে উত্তরাঞ্চলের বড়বড় নদী তীরবর্তী অঞ্চল এমন এক দুর্যোগে পড়ে যা চাষের জমি, বসত বাড়ি ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয়। অন্যদিকে উত্তর-পূর্বাঞ্চলে বছরের একটি সময় প্রচন্ড পানির অভাবে ফসলের ক্ষতি হয়। পরিবেশের দাবদাহ বেড়ে যায়।

ক. দুর্যোগ কাকে বলে? ১

খ. রাঙ্গামাটিতে কোন জাতীয় বন্যা দেখা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'x' দুর্যোগের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর দুর্যোগ দুইটির মধ্যে কোনটি বাংলাদেশের জনসাধারণকে বেশি ক্ষতিগ্রস্থ করছে? তোমার যুক্তি তুলে ধর।

১১। **নিচের সারণীটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

M	দুর্যোগের পূর্বাভাস হয়না
N	M দুর্যোগের উপর নির্ভরশীল
O	সাড়াদান

ক. প্রশমন কাকে বলে? ১

খ. বাংলাদেশে কেন অধিক সংখ্যক ঝড় সংঘটিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'O' কার্যক্রম দুর্যোগের ক্ষতির পরিমান অনেকাংশে হ্রাস করে। উক্তিটি ব্যাখ্যা কর।৩

ঘ. উদ্দীপকের 'M' ও 'N'এর মধ্যে কোন দুর্যোগটি বেশি ক্ষতি সাধন করে বলে তুমি মনে কর? যুক্তিসহ মতামত দাও। ৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

খ সেট

প্রাক-নির্বাচনি পরীক্ষা, ২০১৮

বিষয় কোড: ১১০

দশম শ্রেণি

বিষয় : ভূগোল ও পরিবেশ (সৃজনশীল)

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান: ৭০

[বি:দ্র: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং নিচের যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রয়োজনীয় চিত্রাঙ্কন আবশ্যক।]

১। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

দৃশ্যকল্প-১: শাওন কুয়াকাটা বেড়াতে গিয়ে দেখল, সকাল বেলা সমুদ্রের পানি উপকূলের নিচে নেমে যাচ্ছে। আবার দুপুরে সমুদ্রের পানি উপকূলের উপরে উঠে আসছে।

দৃশ্যকল্প-২: সুমন তার শিক্ষকের কাছে সমুদ্রস্রোতের বিষয়ে জানতে চাইলে তিনি দুই ধরনের স্রোত সম্পর্কে আলোচনা করেন। যা পৃথিবীর অনেক অঞ্চলের প্রাকৃতিক পরিবেশে প্রভাব ফেলে।

ক. উপসাগর কাকে বলে? ১

খ. সমুদ্রের গভীরে সঞ্চিত লাভা কিরূপ ভূমিরূপের সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের পানি হ্রাস-বৃদ্ধির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে দুই ধরনের স্রোতের কথা বলা হয়েছে তার তুলনামূলক চিত্র তুলে ধরো। ৪

২। **নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. জলবায়ু কাকে বলে? ১

খ. ভারতের সাথে স্থল সীমান্ত চুক্তিতে বাংলাদেশের আয়তনের কি পরিবর্তন এনেছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'C' চিহ্নিত স্থানে সংঘটিত বৃষ্টিপাত ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'A' ও 'B' চিহ্নিত স্থানদ্বয়ের ভূপ্রকৃতির তুলনামূলক আলোচনা কর। ৪

৩। **নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. যাতায়াত ব্যবস্থা কাকে বলে? ১

খ. সমগ্র বাংলাদেশে সর্বাধিক ব্যবহৃত যোগাযোগ পথ কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ‘A’ অঞ্চল থেকে ঢাকায় ব্যবসায়িক পণ্য পরিবহনের জন্য কোন ধরনের যাতায়াত পথ ব্যবহার করা সুবিধাজনক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ‘B’ ও ‘C’ চিহ্নিত অঞ্চলদ্বয়ের মধ্যে কোনটি বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে বেশি ভূমিকা রাখে? বিশ্লেষণ পূর্বক মতামত দাও। ৪

৪। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

লিটন ঢাকা থেকে বিমানে কলকাতা যায়। দমদম বিমান বন্দরে নেমে দেখে তার ঘড়িতে সকাল ১০টা কিন্তু দমদম বিমান বন্দরের ঘড়িতে তখন সকাল ৯:৩০ টা।

ক. স্থানীয় সময় কাকে বলে? ১

খ. মানচিত্র তৈরী ব্যবস্থাপনায় কেন GPS ব্যবহৃত হয়? ব্যাখ্যা কর। ২

গ. ঢাকার দ্রাঘিমা ৯০°২০′ পূর্ব হলে কলকাতার দ্রাঘিমা কত? নির্ণয় কর। ৩

ঘ. লিটনের দেখা দু'টি স্থানের মধ্যে কোন স্থানে সময় যোগ হবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫। **নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. মহীসোপান কাকে বলে? ১

খ. “সমুদ্রের তলদেশ কিন্তু সমতল নয়।” ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ‘B’ নদীর গতিপথ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ‘A’ ও ‘C’ নদীর মধ্যে কোনটি বাণিজ্যের দিক থেকে গুরুত্বপূর্ণ? যুক্তিসহ মতামত দাও। ৪

৬। **নিচের সারণীটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

ঋতু	বৃষ্টিপাত	গড় তাপমাত্রা (সেলসিয়াস)
A	৮০ ভাগ	২৭°
B	২০ ভাগ	২৮°
C	সামান্য	১৭.৭°

ক. মহাকর্ষ বল কাকে বলে? ১

খ. যশোর কেন ঘনবসতিপূর্ণ অঞ্চল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ‘B’ ঋতু যথেষ্ট বিপদজনক- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ‘A’ ও ‘C’ ঋতুর মধ্যে কৃষি কাজের জন্য কোন ঋতুটি উপযুক্ত”- যুক্তিসহ মতামত দাও। ৪

৭। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

যাতায়াত ব্যবস্থা উন্নত হওয়ার কারণে আমরা এখন খুব সহজেই এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করতে পারি। তবে ‘ক’ যাতায়াত পথ নির্মাণ করার জন্য মাটির বুনট, ভূমির বন্ধুরতা ও প্রতিবন্ধকতা সৃষ্টি করে। তবে ‘খ’ যাতায়াত পথ নির্মাণ করার জন্য কোন খরচ হয় না। তবে এই পথ বাণিজ্যের উপর ব্যাপক প্রভাব বিস্তার করে। অন্যদিকে ‘গ’ যোগাযোগ ব্যবস্থা বাংলাদেশের সকল জেলায় গড়ে উঠেনি। ঈদের সময় দেখা যায় এই ব্যবস্থায় প্রচুর মানুষ যাতায়াত করে।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. ঢালু ভূমি যোগাযোগ ব্যবস্থায় খুবই ব্যয়বহুল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ‘ক’ যাতায়াত পথের নির্মাণ খরচ বেশি হয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ‘খ’ ও ‘গ’ যোগাযোগ ব্যবস্থা বাংলাদেশের অর্থনীতির উপর ব্যাপক প্রভাব বিস্তার করে। যুক্তিসহ মতামত দাও। ৪

৮। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

রহিম মিয়া এক সময়ে বাংলাদেশের জীব বৈচিত্র্য দেখেছিল। কিন্তু আজ নানা কারণে জীব বৈচিত্র্য ক্রমশ হ্রাস পাচ্ছে। ফলে প্রকৃতিগতভাবে অনেক প্রাণী ও উদ্ভিদ নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। বাংলাদেশ সরকারের একটি বিশেষ বিভাগ এ বিষয়ে নানা পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়াও একটি আন্তর্জাতিক সংস্থাও বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে।

ক. উন্নয়ন কাকে বলে? ১

খ. উন্নত বীজ কৃষিতে কি প্রভাব বিস্তার করে ? ব্যাখ্যা কর। ২

গ. রহিম মিয়ার দেখা জীব বৈচিত্র্য হারিয়ে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রকৃতি রক্ষায় উদ্দীপকের সংস্থা দু'টি কি ধরনের ভূমিকা পালন করছে? তার তুলনামূলক চিত্র তুলে ধরো। ৪